গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।

www.dss.shariatpur.gosairhat.gov.bd

সিটিজেন চার্টার

সমাজসেবা অধিদফতর থেকে প্রদেয় সেবা সমূহের বিবরণী

ক্রঃ নং	কার্যক্রম	সেবা	সেবা গ্রহীতা	সেবা প্রাপ্তির সময়সীমা	সেবাদানকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৬
০১	পল্লী সমাজসেবা কার্যক্রম (আর.এস.এস)	পল্লী অঞ্চলের দরিদ্র জনগণকে সংগঠিত করে উন্নয়নের মূল স্রোতধারায় আনয়ন। সচেতনতা বৃদ্ধি, উদ্বুদ্ধকরণ এবং দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান। ১০ হাজার থেকে ৩০ হাজার টাকা পর্যন্ত ক্ষুদ্রঋণ প্রদান। লক্ষ্যভুক্ত ব্যক্তিদের নিজস্ব পুঁজি গঠনের জন্য সঞ্চয় বৃদ্ধি।	নির্ধারিত গ্রামের স্থায়ী বাসিন্দা, যিনি আর্থসামাজিক জরিপ এর মাধ্যমে সমাজসেবা অধিদফতরের তালিকাভুক্ত পল্লী সমাজসেবা কার্যক্রমের সদস্য। সুদমুক্ত ক্ষুদ্রঋণ ও অন্যান্য সেবা প্রাপ্তির ক ও খ শ্রেণীভুক্ত দরিদ্র ব্যক্তি যার মাথাপিছু বার্ষিক আয় ৪০ হাজার টাকা পর্যন্ত।	নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদনের পর প্রথমবার ঋণ (বিনিয়োগ) গ্রহণের জন্য আবেদনের পর ১ মাসের মধ্যে। ২য়/৩য় পর্যায়ে ঋণ (পুনঃ বিনিয়োগ) এর জন্য আবেদনের পর ২০ দিনের মধ্যে।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
০২	পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আর.এম.সি)	পল্লী অঞ্চলের দরিদ্র নারীদের সংগঠিত করে উন্নয়নের মূল স্রোতধারায় আনয়ন। পরিকল্পিত পরিবার তৈরীতে / গঠনে সহায়তা। জাতীয় জনসংখ্যা কার্যক্রম বাস্তবায়ন, সচেতনতা বৃদ্ধি, উদ্বুদ্ধকরণ এবং দক্ষতা উন্নয়নে ১০ হাজার থেকে ৩০ হাজার টাকা পর্যন্ত ক্ষুদ্রঋণ প্রদান। লক্ষ্য ভুক্ত নারীদের সংগঠিত করে নিজস্ব পুঁজি গঠনের জন্য সঞ্চয় বৃদ্ধি।	নির্ধারিত গ্রামের স্থায়ী বাসিন্দা, যিনি আর্থসামাজিক জরিপ এর মাধ্যমে সমাজসেবা অধিদফতরের তালিকাভুক্ত পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের সদস্য। সুদমুক্ত ক্ষুদ্রঋণ ও অন্যান্য সেবা প্রাপ্তির ক ও খ শ্রেণীভুক্ত দরিদ্রতম নারী যার মাথাপিছু বার্ষিক আয় ৬০ হাজার টাকা পর্যন্ত।	নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদনের পর প্রথমবার ঋণ (বিনিয়োগ) গ্রহণের জন্য আবেদনের পর ১ মাসের মধ্যে। ২য়/৩য় পর্যায়ে ঋণ (পুনঃ বিনিয়োগ) এর জন্য আবেদনের পর ২০ দিনের মধ্যে।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
০২	এসিডদগ্ধ ও প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম	৫ হাজার থেকে ২০ হাজার টাকা পর্যন্ত ক্ষুদ্রঋণ।	এসিডদগ্ধ ও শারীরিক প্রতিবন্ধী যাদের বার্ষিক আয় ২০ হাজার টাকার নিচে।	১ম বার ঋণ (বিনিয়োগ) গ্রহণের আবেদনের পর ১ মাসের মধ্যে। ২য়/৩য় পর্যায়ে ঋণ (পুনঃ বিনিয়োগ) এর জন্য আবেদনের পর ২০ দিনের মধ্যে।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
০২	আশ্রয়ণ/ আবাসন কার্যক্রম	আশ্রয়ণ প্রকল্পে বসবাসকারী দরিদ্র ব্যক্তিদের সংগঠিত করে উন্নয়নের মূল স্রোতধারায় নিয়ে আসা। পরিকল্পিত পরিবার তৈরীতে/গঠনে সহায়তা। সচেতনতা বৃদ্ধি উদ্বুদ্ধকরণ এবং দক্ষতা উন্নয়নে ৫ হাজার থেকে ২০ হাজার টাকা পর্যন্ত ক্ষুদ্রঋণ। সঞ্চয় জমা বৃদ্ধিকরণ।	নির্ধারিত আশ্রয়ণ কেন্দ্রের বাসিন্দা এবং আশ্রয়ণ কেন্দ্রের সদস্য।	১ম বার ঋণ (বিনিয়োগ) গ্রহণের আবেদনের পর ১ মাসের মধ্যে। ২য়/৩য় পর্যায়ে ঋণ (পুনঃ বিনিয়োগ) এর জন্য আবেদনের পর ২০ দিনের মধ্যে।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
০২	বয়স্কভাতা কার্যক্রম	সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার জন্য নির্ধারিত হারে বয়স্কভাতা কার্যক্রম ১৯৯৭-১৯৯৮ সাল হতে প্রবর্তন করা হয়। নির্বাচিত বয়স্ক ব্যক্তিদের জনপ্রতি মাসিক ৫০০ টাকা হারে ভাতা প্রদান করা হয়।	দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও উপজেলার ৬৫ বছর বা তদুর্ধ্ব বয়সী স্থায়ী পুরুষ/৬২ বছর বা তদুর্ধ্ব মহিলা যার বার্ষিক গড় আয় ১০০০০/- টাকা। শারীরিকভাবে অক্ষম ও কর্মক্ষমতাহীন প্রবীণ পুরুষ ও মহিলাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হয়।	বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ৩ মাসের মধ্যে নতুন ভাতাভোগী নির্বাচনসহ ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ। নির্বাচিত ভাতাভোগীকে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রতি মাসে ভাতা প্রদান করা হয়। ভাতাগ্রহীতার নমিনী ভাতাভোগীর মৃত্যুর পূর্বে প্রাপ্ত বকেয়া টাকা এবং মৃত্যুর পর ৩ মাস পর্যন্ত ভাতার টাকা উত্তোলন করতে পারবেন।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
০২	বিধবা ও স্বামী পরিত্যক্তা দুস্থ মহিলাদের ভাতা কার্যক্রম	সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার জন্য নির্ধারিত হারে বয়স্কভাতা কার্যক্রম ১৯৯৮-১৯৯৯ সাল হতে প্রবর্তন করা হয়। নির্বাচিত বিধবা ও স্বামী পরিত্যক্তা মহিলাদের জনপ্রতি মাসিক ৫০০ টাকা হারে ভাতা প্রদান করা হয়।	বয়োবৃদ্ধ অসমর্থ ও দুস্থ বিধবা বা স্বামী পরিত্যক্তা মহিলারা অগ্রাধিকার পাবেন। এছাড়া যিনি দুস্থ অসহায় এবং ভূমিহীন বিধবা বা স্বামী পরিত্যক্তা এবং যার ১৬ বছরের নিচে দুটি সন্তান রয়েছে। দুস্থ দরিদ্র বিধবা ও স্বামী পরিত্যক্তাদের মধ্যে যারা প্রতিবন্ধী ও অসুস্থ তারা অগ্রাধিকার পাবেন।	বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ৩ মাসের মধ্যে নতুন ভাতাভোগী নির্বাচনসহ ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ। নির্বাচিত ভাতাভোগীকে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রতি মাসে ভাতা প্রদান করা হয়। ভাতাগ্রহীতার নমিনী ভাতাভোগীর মৃত্যুর পূর্বে প্রাপ্ত বকেয়া টাকা এবং মৃত্যুর পর ৩ মাস পর্যন্ত ভাতার টাকা উত্তোলন করতে পারবেন।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
০২	অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম	সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার জন্য নির্ধারিত হারে অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম ২০০৫-২০০৬ সাল হতে প্রবর্তন করা হয়। নির্বাচিত প্রতিবন্ধী ব্যক্তিদের জনপ্রতি মাসিক ৭৫০ টাকা হারে ভাতা প্রদান করা হয়।	৬ বছরের উর্ধ্বে সকল বয়সের প্রতিবন্ধী ব্যক্তি যিনি বয়স্কভাতা কিংবা সরকার কর্তৃক অন্য কোন ভাতা পান না, যিনি চাকরিজীবী কিংবা পেনশন ভোগী নন। প্রতিবন্ধী ব্যক্তি যাদের বার্ষিক মাথাপিছু আয় ৩৬ হাজার টাকার কম।	বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ৩ মাসের মধ্যে নতুন ভাতাভোগী নির্বাচনসহ ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ। নির্বাচিত ভাতাভোগীকে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রতি মাসে ভাতা প্রদান করা হয়। ভাতাগ্রহীতার নমিনী ভাতাভোগীর মৃত্যুর পূর্বে প্রাপ্ত বকেয়া টাকা এবং মৃত্যুর পর ৩ মাস পর্যন্ত ভাতার টাকা উত্তোলন করতে পারবেন।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
০২	প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি।	প্রতিবন্ধী শিক্ষার্থীদের ৪ টি স্তরে বিভক্ত করে নিম্নরূপ হারে উপবৃত্তি প্রদান করা হয়। প্রাথমিক স্তর= ১ম থেকে ৫ম শ্রেণী জন প্রতি মাসিক ৭৫/- মাধ্যমিক স্তর= ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণী	সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যয়নরত ৫ বছর উর্ধ্বে প্রতিবন্ধী ছাত্র ছাত্রী যাদের বার্ষিক মাথাপিছু পারিবারিক আয় ৩৬ হাজার টাকার নিচে।	বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ৩ মাসের মধ্যে নতুন উপবৃত্তি গ্রহণকারী নির্বাচনসহ উপবৃত্তি বিতরণ এবং নিয়মিতভাবে শিক্ষাকালীন সময়ে।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
০২	দলিত, হরিজন বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে বিশেষ ভাতা	সরকার কর্তৃক নির্ধারিত হারে ভাতা প্রদান করা হয়। বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে কর্মক্ষম দলিত, হরিজন ও বেদে জনগোষ্ঠীর দক্ষতা বৃদ্ধি ও আয়বর্ধনমূলক কর্মকান্ডে সম্পৃক্ত করে তাদের সমাজের মূল স্রোতধারায় আনয়ন।	৫০ বছর বা তদুর্ধ্ব বয়সের অক্ষম ও অসচ্ছল ব্যক্তিকে বিশেষ ভাতা জন প্রতি ৫০০ টাকা হারে প্রদান করা হয়।	বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ৩ মাসের মধ্যে নতুন ভাতাভোগী নির্বাচনসহ ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
০২	দলিত, হরিজন বেদে ও অনগ্রসর শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি	দলিত, হরিজন বেদে ও অনগ্রসর শিক্ষার্থীদের ৪ টি স্তরে বিভক্ত করে নিম্নরূপ হারে উপবৃত্তি প্রদান করা হয়। প্রাথমিক স্তর= ১ম থেকে ৫ম শ্রেণী জন প্রতি মাসিক ৭০০/- মাধ্যমিক স্তর= ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণী জনপ্রতি মাসিক ৮০০/-	সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত দলিত, হরিজন বেদে ও অনগ্রসর শিক্ষার্থী।	বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ৩ মাসের মধ্যে নতুন উপবৃত্তি গ্রহণকারী নির্বাচনসহ উপবৃত্তি বিতরণ এবং নিয়মিতভাবে শিক্ষাকালীন সময়ে।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
০২	হিজড়াদের বিশেষ ভাতা	বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে কর্মক্ষম হিজড়া জনগোষ্ঠীর দক্ষতা বৃদ্ধি ও আয়বর্ধনমূলক কর্মকান্ডে সম্পৃক্ত করে তাদের সমাজের স্রোতধারায় আনয়ন।	৫০ বছর বা তদুর্ধ্ব বয়সের অক্ষম ও অসচ্ছল হিজড়াদের বিশেষ ভাতা জনপ্রতি মাসিক ৬০০/- হারে প্রদান করা হয়।	বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ৩ মাসের মধ্যে নতুন ভাতাভোগী নির্বাচনসহ ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
০২	হিজড়া শিক্ষা উপবৃত্তি	হিজড়া শিক্ষার্থীদের ৪ টি স্তরে বিভক্ত করে নিম্নরূপ হারে উপবৃত্তি প্রদান করা হয়। প্রাথমিক স্তর= ১ম থেকে ৫ম শ্রেণী জন প্রতি মাসিক ৭০০/- মাধ্যমিক স্তর= ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণী জনপ্রতি মাসিক ৮০০/- উচ্চমাধ্যমিক স্তর=একাদশ ও দ্বাদশ শ্রেণী জনপ্রতি মাসিক ১০০০/-	সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত হিজড়া শিক্ষার্থী	বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ৩ মাসের মধ্যে নতুন ভাতাভোগী নির্বাচনসহ ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
০২	বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা	সরকার কর্তৃক নির্ধারিত হারে ভাতা প্রদান। প্রত্যেক মুক্তিযোদ্ধাকে মাসিক জনপ্রতি ১২,০০০/- হারে ভাতা প্রদান করা হয়। মুক্তিযোদ্ধা বলতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে চূড়ান্তভাবে প্রকাশিত তালিকায় যাদের নাম অন্তর্ভুক্ত রয়েছে।	বীর মুক্তিযোদ্ধা ও বীর মুক্তিযোদ্ধাদের মৃত্যুর পর তাদের বিধবা স্ত্রী এবং স্ত্রীর মৃত্যুর পর তাদের সন্তান ভাতা প্রাপ্য হবেন। কোন বীর মুক্তিযোদ্ধা এবং তার স্ত্রী জীবিত না থাকলে ও তার সন্তান না থাকলে তার পিতা মাতা সমহারে পাবে এবং পিতা মাতার অবর্তমানে অর্থাৎ যদি জীবিত না থাকে তাহলে তার সহোদর ভাই বোন ভাতা প্রাপ্য হবেন।	বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ৬ মাসের মধ্যে নতুন ভাতাভোগী নির্বাচনসহ ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ, মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রতি মাসে প্রদান করা হয়। তবে কেউ ইচ্ছা করলে একাধিক মাসের বকেয়া ভাতা একত্রে উত্তোলন করতে পারবেন।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
	এতিম, অবহেলিত, দুস্থ ও বিপন্ন শিশুদের অধিকার সুরক্ষা, প্রতিপালন, কল্যাণ, উন্নয়ন ও পুনর্বাসন।				
	প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সুরক্ষা, প্রতিপালন, কল্যাণ, উন্নয়ন ও পুনর্বাসন।				
০২	প্রতিবন্ধী ব্যক্তিদের সনদ প্রদান	প্রতিবন্ধী ব্যক্তিদের সনদ প্রদান।	প্রতিবন্ধী ব্যক্তি।	প্রয়োজনীয় তথ্যসহ আবেদনের ৭ কর্মদিবসের মধ্যে।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
০২	প্রবেশন ও আফটার কেয়ার কর্মসূচী বাস্তবায়ন	মাননীয় বিজ্ঞ আদালতের নির্দেশে প্রথম ও লঘু অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তিদের শাস্তি প্রদান স্থগিত রেখে প্রবেশন অফিসারের তত্ত্বাবধানে পারিবারিক/সামাজিক পরিবেশে রেখে সংশোধন ও আত্মশুদ্ধির ব্যবস্থা করা। কারাবন্দী ব্যক্তিদের শিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান। সাজাপ্রাপ্ত শিশুদের কারাগারে না রেখে কিশোর /কিশোরী উন্নয়ন কেন্দ্রে প্রবেশন অফিসার/সোশ্যাল কেইস ওয়ার্কার এর তত্ত্বাবধানে কাউন্সিলিং এর মাধ্যমে শিশুর মানসিকতার উন্নয়ন ও সংশোধন।	সংশ্লিষ্ট আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত প্রবেশনার/ ব্যক্তি, আইনের সংস্পর্শে আসা শিশু/কিশোর। এছাড়া [illegible], [illegible] এবং রাষ্ট্রদ্রোহীতা, বিস্ফোরক দ্রব্য আইন, অস্ত্র আইন ও মাদক দ্রব্য সংশ্লিষ্ট আইনে দন্ডপ্রাপ্ত ব্যতিত ১ বছর বা তদোর্ধ্ব মেয়াদে কারাদন্ড প্রাপ্ত কোন ব্যক্তি।	বিজ্ঞ আদালত কর্তৃক নির্ধারিত সময়সীমা /প্রবেশন আদেশ। পুনর্বাসনের বিষয়ে অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতি/ উপজেলা/ শহর সমাজসেবা কার্যক্রম প্রকল্প বাস্তবায়ন কমিটির অনুমোদন প্রাপ্তির ২০ কর্মদিবসের মধ্যে।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
০২	স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা সমূহ নিবন্ধন ও তত্ত্বাবধান	স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠনের সমাজকল্যাণের অনুমতি প্রদান। ১৯৬১ সালের স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা সমূহ নিয়ন্ত্রণ ও নিবন্ধন। অধ্যাদেশে ২ এর (চ) ধারায় বর্ণিত সেবা মূলক কার্যক্রমে আগ্রহী সংস্থা /প্রতিষ্ঠান/ সংগঠন/সেবাকারী এতিম খানা/ক্লাব নিবন্ধন।	স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক কার্যক্রম আগ্রহী সংগঠন, প্রতিষ্ঠান ক্লাব, সংস্থা, সমিতি ইত্যাদি।	নিবন্ধন প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন প্রাপ্তির পর ৯০ কর্মদিবস। নামের ছাড়পত্র প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন প্রাপ্তির পর ৭ কর্মদিবস।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
০২	বেসরকারী এতিমখানায় ক্যাপিটেশন গ্রান্ট প্রদান।	১৮ বছর বয়স পর্যন্ত এতিম শিশুদের প্রতিপালন। স্নেহ ভালবাসা ও আদর যত্নের সাথে লালন পালন। আনুষ্ঠানিক শিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান।	বেসরকারী এতিমখানায় এতিম নিবাসী অর্থাৎ পিতৃহীন বা পিতা মাতা উভয় নাই এমন দরিদ্র শিশুর সর্বোচ্চ ৫০ ভাগ শিশু।	বেসরকারী এতিমখানা কর্তৃক ক্যাপিটেশন গ্রান্টের আবেদন প্রাপ্তির ৭ মাস পর।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
০২	সমাজকল্যাণ পরিষদের মাধ্যমে নিবন্ধন প্রাপ্ত সংস্থা সমূহের অনুদান প্রদান সহায়তা।	সমাজসেবা অধিদফতর হতে মৌলিক জাতীয় পর্যায়ে প্রতিষ্ঠান সমূহের অনুদান বার্ষিক ৫০০০০/-(পঞ্চাশ হাজার) হতে সর্বোচ্চ ২ লক্ষ টাকা অনুদান। শহর সমাজ উন্নয়ন প্রকল্প সমন্বয় পরিষদের সর্বোচ্চ ১লক্ষ টাকা অনুদান। রোগী কল্যাণ সমিতির জন্য ৫০,০০০/- হতে ২,০০,০০০/- টাকা অনুদান।	সমাজকল্যাণ পরিষদ থেকে নিবন্ধিত প্রতিষ্ঠান/ সংগঠনকে অনুদান প্রদান করা হয়। জাতীয় পর্যায়ে স্বেচ্ছাসেবী সংগঠন, শহর সমাজ উন্নয়ন প্রকল্প সমন্বয় পরিষদ, রোগী কল্যাণ সমিতি, অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতি, নিবন্ধনপ্রাপ্ত সাধারণ স্বেচ্ছাসেবী সংগঠন।	সমাজকল্যাণ পরিষদ হতে প্রতি বছর আগস্ট মাসে জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করতে হয়।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
০২	রোগী কল্যাণ সমিতি	সরকারি উদ্যোগের পাশাপাশি বেসরকারি উদ্যোগকে সম্পৃক্ত করার লক্ষে উপজেলা পর্যায়ে প্রতিটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হাসপাতালে আইন অনুযায়ী নিবন্ধিত রোগী কল্যাণ সমিতি নামে একটি স্বেচ্ছাসেবী সংগঠন বিদ্যমান রয়েছে। এ সংগঠন ১৯৬১ সালের ৪৬নং স্বেচ্ছামূলক সমাজকল্যাণ প্রতিষ্ঠান (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ এর আওতায় নিবন্ধনকৃত। সংগঠনটি সরকারি কর্মকর্তা, সুশীল সমাজের প্রতিনিধি, বিশিষ্ট সমাজকর্মী, দানশীল ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত।	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য ভর্তিকৃত রোগী।	প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন প্রাপ্তির পর সর্বোচ্চ ০৩ কর্ম দিবস।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
০২	ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসেমিয়া, জন্মগত হৃদরোগীদের সাহায্য	ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসেমিয়া, জন্মগত হৃদরোগীদের আর্থিক সহায়তা কর্মসূচি ২০১৩-১৪ অর্থবছর হতে চালু হয়েছে। প্রয়োজনীয় কাগজপত্র যাচাই বাছাই করার পর উল্লেখ্য রোগীদের জনপ্রতি ৫০০০০/- অনুদান দেওয়া হয়।	ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসেমিয়া, জন্মগত হৃদরোগীদের আর্থিক সহায়তা প্রাপ্তির জন্য রোগীদের নির্ধারিত আবেদনপত্রে আবেদন, পাসপোর্ট সাইজের ২ কপি ছবি (সত্যায়িত), জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, নির্ধারিত ফরমে উল্লেখ্য বিশেষজ্ঞ ডাক্তার কর্তৃক প্রত্যয়নপত্র প্রয়োজন।	প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন প্রাপ্তির ৩ মাস পর।	উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।

তথ্য প্রদানকারী কর্মকর্তা-উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।
মোবাইল: ০১৭০৮-৪১৪৯১৮, টেলিফোন: ০৬০২৪৭৫১৮৩ ইমেইল: usso.gosairhat@dss.gov